

কেন নয়ন আপনি ভেসে যায় জলে ।
 কেন মন কেন এমন করে ॥
 যেন সহসা কী কথা মনে পড়ে—
 মনে পড়ে না গো তবু মনে পড়ে ॥
 চারি দিকে সব মধুর নীরব,
 কেন আমারি পরান কেঁদে মরে ।
 কেন মন কেন এমন কেন রে ॥
 যেন কাহার বচন দিয়েছে বেদন,
 যেন কে ফিরে গিয়েছে অনাদরে—
 বাজে তারি অযতন প্রাণের 'পরে ।
 যেন সহসা কী কথা মনে পড়ে—
 মনে পড়ে না গো তবু মনে পড়ে ॥

Parjaay: Natya-geeti, Taal: Ektaal, Raag: Bhairavi
 Visit www.geetabitan.com for notation and other detail